



## আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ১৭-০৪-২০২৩

### খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা/ উত্তরাধিকারীদের মাননীয় প্রধানমন্ত্রীর আর্থিক অনুদান প্রদান

ঢাকা, ১৭ এপ্রিল ২০২৩: সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল ওয়াকার-উজ-জামান, এসজিপি, পিএসসি আজ সোমবার (১৭-০৪-২০২৩) ঢাকা সেনানিবাসস্থ সশস্ত্র বাহিনী বিভাগের সম্মেলন কক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে বীর মুক্তিযোদ্ধা ও তাদের উত্তরাধিকারীদের মাঝে ২০ লক্ষ টাকার চেক হস্তান্তর করেন।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বদাই বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এরই ধারাবাহিকতায় প্রতি বছরের ন্যায় গত ২১ নভেম্বর ২০২২ তারিখ সশস্ত্র বাহিনী দিবসে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের উত্তরাধিকারীদের সংবর্ধনা প্রদান করেন। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে আগত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও তাদের উত্তরাধিকারীদের সাথে মাননীয় প্রধানমন্ত্রী কুশল বিনিময়ের সাথে তাদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন। এসময় তারা মাননীয় প্রধানমন্ত্রীর নিকট গৃহ নির্মাণ, চিকিৎসা, আর্থিক সহায়তা, চাকুরীসহ বিভিন্ন বিষয়ে সাহায্যে জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী মোট ১২ জন খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও তাদের উত্তরাধিকারীদের মোট ২০ লক্ষ টাকা প্রদানের অনুমোদন প্রদান করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন শ্রেণীর যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা পরিবারবর্গ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের রাষ্ট্রীয় সম্মানী ভাতা বর্তমানে বর্ধিত হারে প্রদান করা হচ্ছে। বিশেষ আবেদনের প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধাগণকে গৃহ নির্মাণ খরচ প্রদান, ফ্লাট বরাদ্দ, মেধা ভিত্তিক স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ের উপর প্রতি বছর ০২ জনকে পিএইচডি ডিগ্রি প্রদান, কন্যা বিবাহ খরচ বহন, দেশে বিদেশে চিকিৎসা ব্যয়ভার বহন, রেশন প্রদান সহ বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা প্রদান করা হচ্ছে।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮